

পর্যাক্ষা আইন অমানোর
অভিযোগে প্রধান
শিক্ষকের নামে
গ্রেফতারী পত্রোয়াব।
॥ স্টাফ. রিপোর্টার ॥

কালীগঞ্জ পাইলট হাই স্কুলের
প্রধান শিক্ষক পলাতক। তার
বিরুদ্ধে এসএসসি পরীক্ষায়
কর্তব্যাত ম্যাজিস্ট্রেটের নির্দেশ
এবং পরীক্ষা আইন অমানোর অভি-
যোগে গ্রেফতারী পত্রোয়াব। জারি
করা হয়েছে।

জানা গেছে, ঢাকা জেলার কলী-
গঞ্জ পাইলট হাই স্কুল কেন্দ্র
সদৃ সমাজ এসএসসি পরীক্ষায়
তিনজন পরীক্ষার্থী ও কর্তব্যে অব-
হেলার জন্যে দুজন পরিদর্শকের
বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকা
সত্ত্বেও স্কুলের প্রধান শিক্ষক
তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা
গ্রহণ করেননি। কর্তব্যাত ম্যাজি-
স্ট্রেট এজনে পরীক্ষা আইন ১২এফ
উপধারা এবং স্পেশাল এ্যাক্ট ৭৪
অবমাননাৰ অভিযোগ করে স্কুলের
প্রধান শিক্ষকের বিরুদ্ধে যামলা
দায়ের করেন।

ষোড়াশাল "থেকে" সংবাদদাতা
জানিয়েছেন, বাংলা ২য় পত্র পরী-
ক্ষার দিন কর্তব্যাত ম্যাজিস্ট্রেট
৩ জন পরীক্ষার্থীকে নকলসহ হাতে-
নাতে ধরেন এবং পরীক্ষা কেন্দ্রের
হল সুপার কালীগঞ্জ পাইলট হাই
স্কুলের প্রধান শিক্ষককে বোর্ডের
নিয়মানুষ্যাঘী ব্যবস্থা গ্রহণের
আদেশ দেন। ক্রিন্ত প্রধান শিক্ষক
কোন ব্যবস্থা গ্রহণ না করে পরী-
ক্ষার্থীদের পরীক্ষা দেওয়ার সুযোগ
দেন। এতে ম্যাজিস্ট্রেট প্রধান
শিক্ষকের বিরুদ্ধে সরাসরি সরকারী
কর্মচারী হিসাবে আদেশ অমান্য
করার অভিযোগে অভিযুক্ত করেন
এবং কোর্ট কেস করেন।

তারিখ ... ৩।।।৩।৪৩
পৃষ্ঠা ... ৩ কলাম ...

০১১